গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিঘলিয়া, খুলনা
www.digholia.khulna.gov.bd

বিষয় : **দিঘলিয়া উপজেলার আইসিটি বিষয়ক কমিটির আগস্ট-২০২৫ মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আরিফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, দিঘলিয়া, খুলনা।
সভার তারিখ : ১২-০৮-২০২৫ খ্রি. সময়: সকাল ১০.৩০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরনী এবং বর্তমান সভার কার্যবিবরনী উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | আইসিটিডি ডিজিটাল ল্যাব যথাযথভাবে ব্যবহার নিশ্চিতকরণ এবং নিয়মিত পরিদর্শন ও দিক-নির্দেশনা প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধান (সকল), দিঘলিয়া, খুলনা। |
| ০২ | দিঘলিয়া উপজেলার সকল দপ্তরের ওয়েব পোর্টালসহ উপজেলাধীন ০৬ টি ইউনিয়ন এর ওয়েব পোর্টালের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। ওয়েব পোর্টাল সমূহের অসম্পূর্ণতা দ্রুত সম্পূর্ণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান (সকল), চেয়ারম্যান (সকল ইউনিয়ন পরিষদ), উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ), দিঘলিয়া, খুলনা। |
| ০৩ | দিঘলিয়া উপজেলাধীন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের প্রতিদিনের আয় ব্যয়ের তথ্য আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উদ্যোক্তাদের প্রতিদিনের আয় ব্যয়ের তথ্য এক সেবায় নিয়মিতভাবে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সভায় বিভিন্ন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তারা জানান যে তাদের (ছয়টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে) আনুমানিক ১৬০,০০০/- টাকা মাসিক আয় হয়। | ইউপি সচিব, উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ), দিঘলিয়া, খুলনা। |
| ০৪ | দাপ্তরিক সকল কার্যক্রম ডি-নথি সিস্টেমের মাধ্যমে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। যেসকল অফিস ডি-নথি সিস্টেমে নেই তাদেরকে সিস্টেমে অন্তর্ভূক্তির বিষয়ে বিস্তারিত পদক্ষেপ নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান (সকল), দিঘলিয়া, খুলনা। |
| ০৫ | উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্থাপিত মাল্টিমিডিয়া ক্লাসরুমের কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাসরুম (MMC) কার্যক্রমের তথ্য মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেম (mmc.e-service.gov.bd) তে আপলোড করার ও নিয়মিত মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস নেওয়া হচ্ছে কিনা এবং শিক্ষা প্রতিষ্ঠান mmc তে আপলোড করছে কিনা তা মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | দিঘলিয়া উপজেলাধীন সকল ইউডিসি সেন্টার হতে অনলাইনে পর্চা সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ) দিঘলিয়া, খুলনা। |

| | | |
|---|---|---|
| ০৭ | প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসাবে সামাজিক যোগাযোগ মাধ্যম তথা Facebook এ কোন বিকৃত পোষ্ট/ মন্তব্য না করা এবং Facebook ব্যবহারের নীতিমালা অনুসরণ করে পোষ্ট, মন্তব্য বা শেয়ার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিস প্রধান (সকল),দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | ইস্টাবিলিশিং ডিজিটাল কানেক্টিভিটি প্রকল্পের আওয়াতায় আইসিটিডি ডি-সেট সেন্টার নির্মানের জন্য উপজেলা পরিষদ ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারনের কাজ ৮৫% শেষ হয়েছে মর্মে সকলকে জানানো হয়। | এল জি ই ডি, দিঘলিয়া, খুলনা ও উপজেলা প্রশাসন, দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | ইস্টাবিলিশিং ডিজিটাল কানেক্টিভিটি প্রকল্পের আওয়াতায় ব্রডব্যান্ড কানেক্টিভিটি প্রদানের কাজ ৮০% শেষ হয়েছে মর্মে সকলকে জানানো হয়। | উপজেলা প্রশাসন, দিঘলিয়া, খুলনা ও সহকারী প্রোগ্রামার, দিঘলিয়া, খুলনা। |

অতঃপর আইসিটির বিকাশ ও উন্নয়নের মাধ্যমে উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলকে সক্রিয় অংশগ্রহণের আহবান জানিয়ে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাঃ
(আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা
E-mail: **unodigholia@mopa.gov.bd**


বিতরনঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাধ্যমিক শিক্ষা অফিসার / উপজেলা শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা।
২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিঘলিয়া, খুলনা।
২. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক ...................................................... দিঘলিয়া, খুলনা।
৩. চেয়ারম্যান,সকল ইউনিয়ন পরিষদ, দিঘলিয়া, খুলনা।

স্মারক নং: ০৫.৪৮.৪৭৪০.০০০.৩১.০০১.২২- ৮৩৪ তারিখ: ১৪-০৮-২৫ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, ঢাকা।
২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, ঢাকা।
৩. জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
৫. ..............................................................., দিঘলিয়া, খুলনা।
৬. অফিস কপি।


১৪-০৮-২৫
(আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা
E-mail: **unodigholia@mopa.gov.bd**